

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাজেট অধিশাখা।

স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪৫.০২০.০৩৮.২০২১ - ৫০১


তারিখঃ ১৮-০৭-২০২১ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থ বছরের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিবার পরিকল্পনা ও জনসংখ্যা খাতে সেবা প্রদানকারী বিভিন্ন বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানে এককালীন অনুদান প্রদানের দরখাস্ত আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠানকে এককালীন অনুদান প্রাপ্তির জন্য (বিশেষ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে) বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠান (এন, জি, ও) এর নিকট হতে স্ব-স্ব জেলার উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা)-এর মাধ্যমে আবেদন আহ্বান করা হচ্ছে। নিম্নোক্ত শর্তাদি মোতাবেক আগামী ৩০-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বরাবরে আবেদন পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


শর্তাবলীঃ

- (১) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে অনুদানের জন্য আবেদন করতে হবে;
- (২) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের এনজিও বিষয়ক ব্যুরো অথবা সমাজ সেবা অধিদপ্তর অথবা মহিলা বিষয়ক অধিদপ্তর অথবা রেজিস্ট্রার জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধন থাকতে হবে;
- (৩) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের ন্যূনতম ০৫ (পাঁচ) শতক নিজস্ব ভূমি এবং অবকাঠামো থাকলে উক্ত সংস্থা/প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে (প্রমানপত্র সংযুক্ত করতে হবে);
- (৪) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে। গঠনতন্ত্র অনুযায়ী সর্বশেষ তিনটি সভার কার্যবিবরণীর অনুলিপি সংযুক্ত করতে হবে;
- (৫) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের উৎস থাকতে হবে। উক্ত আয়ের স্বপক্ষে গত এক বছরের ব্যাংক হিসাব বিবরণী দাখিল করতে হবে;
- (৬) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের হিসাব কোন স্বীকৃত অডিট ফার্ম/সংস্থার মাধ্যমে অডিট করাতে হবে। সর্বশেষ অডিট রিপোর্ট সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং উক্ত প্রতিবেদনে অন্যান্য উৎস হতে প্রাপ্ত অনুদানের বিবরণী অন্তর্ভুক্ত থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
- (৭) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের গত ০১ (এক) বছরের পরিবার পরিকল্পনা ও জনসংখ্যা খাতে গৃহীত প্রকল্প/কর্মসূচী এবং ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণী সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
- (৮) প্রত্যন্ত এলাকায় (Hard to reach area) কার্যরত/সংস্থা প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;
- (৯) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে সরকারের পরিবার পরিকল্পনা/জনসংখ্যা বিষয়ক নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ কর্ম পরিকল্পনা দাখিল করতে হবে;
- (১০) আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠান বিনামূল্যে পরিবার পরিকল্পনা, জনসংখ্যা কার্যক্রম পরিচালনা করে কিনা সে বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার/জোনাল অফিসার (সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে)-এর প্রত্যয়ন থাকতে হবে;
- (১১) অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারী অর্থ ব্যবহার সংক্রান্ত আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে;



- (১২) বিনামূল্যে/ স্বল্পমূল্যে সেবা প্রদান করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
- (১৩) ২০২০-২১ অর্থ বছরের যে সকল প্রতিষ্ঠান অনুদান পেয়েছে, তাদের খরচের বিবরণী প্রস্তাবের সাথে প্রদান করা না হলে সে সকল প্রতিষ্ঠান চলতি অর্থ বছরে অনুদান পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে;
- (১৪) আবেদনকারী/প্রতিষ্ঠান পরিবার পরিকল্পনা/জনসংখ্যা বিষয়ক গবেষণাধর্মী কোন প্রকাশনা থাকলে কিংবা গবেষণাধর্মী কোন কাজে জড়িত থাকলে তার প্রমানক প্রস্তাবের সহিত দাখিল বা সংযুক্ত করলে তা বিশেষভাবে বিবেচিত হবে।
- (১৫) কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন করার এখতিয়ার সংরক্ষণ করে।

২। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র অনুদান প্রদানের ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।


 ২৬-০৭-২০২১
 (মো: শহীদুজ্জামান)
 উপ-সচিব
 ফোন: ৯৫৪৫৮৭০

ইমেইলঃ dsbudget1@gmail.com

উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা)
 সকল জেলা.....

যে সকল বেসরকারী প্রতিষ্ঠান তার এখতিয়ারাধীন এলাকায় স্বাস্থ্য শিক্ষা, শিশু ও মাতৃ স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা সেবা ও জনসংখ্যা বিষয়ক কার্যক্রম পরিচালনা করে কেবল মাত্র সে সকল প্রতিষ্ঠানের আবেদন বিজ্ঞপ্তির আলোকে পর্যালোচনা পূর্বক অগ্রায়ন করবেন। বিজ্ঞপ্তি স্থানীয় ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হল।

স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪৫.০২০.০৩৮.২০২১ - ৫০১/১(৫)


তারিখঃ ২৬-০৭-২০২১ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।


 ২৬-০৭-২০২১
 (মো: শহীদুজ্জামান)
 উপ-সচিব